# Times Today BD

আলী হায়দার | ঢাকা | 08 April, 2025

কিশোরগঞ্জের ভৈরব থেকে ২১১ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র‌্যাব।

মঙ্গলবার (৮ এপ্রিল) বেলা পৌনে ১১ টার দিকে ভৈরব পৌরসভার নিউটাউন সিড়ির মোড় এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে তাদের আটক র‌্যাব।

আটককৃত দুই মাদক ব্যবসায়ী ১. বশির মিয়া (৩৩) ব্রাহ্মণবাড়িয়া বিজয়নগর থানার মিরাশানি মধ্যপাড়ার মৃত আঃ মান্নাফ ভুঁইয়ার ছেলে এবং ২. মাদক ব্যবসায়ী শাহিন (৩০) ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার উচালিয়াপাড়া মধ্যপাড়া গ্রামের মোঃ সাফি মিয়ার ছেলে।

র‌্যাব জানায়, র‌্যাবের দলটি ভৈরব পৌরসভার নিউটাউন সিড়ির মোড় এলাকায় বিশেষ অভিযান চালায়।অভিযানে একটি মাইক্রোবাস তল্লাশি চালিয়ে ২১১ কেজি গাঁজাসহ দুজনকে গ্রেফতার করে।তাদের কাছ থেকে দুটি এনড্রয়েড মোবাইল ফোন ও মাদক পরিবহনকাজে ব্যবহৃত নোহা মাইক্রোবাসটি জব্দ করা হয়।

র‌্যাবের সহকারী পুলিশ সুপার মো. আব্দুল হাই চৌধুরী জানান, উদ্ধার করা গাঁজার আনুমানিক মূল্য ৪২ লক্ষ ২০ হাজার টাকা।

এ ব্যাপারে ভৈরব থানায় মামলা দিয়ে আলামতসহ আসামিদেরকে পুলিশে সোপর্দ করা হয়েছে।

গাঁজা মাদক ব্যবসায়ী আটক ,পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 14:53

URL: https://www.timestodaybd.com/dhaka/496468285